



ইসরায়েল মানুষ বা না মানুষ, দুই রাষ্ট্রই একমাত্র সমাধান: পোপ লিও



সংগৃহীত ছবি

তুরস্ক সফর শেষে লেবাননে যাওয়ার পথে রোববার (৩০ নভেম্বর) বিমানে সাংবাদিকদের সঙ্গে আলাপে মধ্যপ্রাচ্যের চলমান উত্তেজনা ও ইসরায়েল-ফিলিস্তিন সংকট নিয়ে দৃঢ় অবস্থান তুলে ধরলেন খ্রিস্টানদের প্রধান ধর্মীয় নেতা পোপ লিও চতুর্দশ। তার স্পষ্ট বক্তব্য দ্বিরাষ্ট্রভিত্তিক সমাধান ছাড়া এই সংঘাতের স্থায়ী কোনো পথ নেই। পোপ বলেন, “ভ্যাটিকান বহু বছর ধরেই দুই রাষ্ট্রভিত্তিক সমাধানকে সমর্থন করেছে। আমরা জানি, ইসরায়েল এখনো এই প্রস্তাবে রাজি নয়। তবুও এটিই একমাত্র বাস্তবসম্মত পথ, যা দীর্ঘদিনের রক্তক্ষয় বন্ধ করতে পারে।” তিনি জানান, এই বিষয়ে তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়্যেপ এরদোগানের সঙ্গে বিস্তারিত আলোচনা হয়েছে, এবং তিনি পোপের মতামতের সঙ্গে একমত হয়েছেন।

তুরস্ক সফরকালে ফিলিস্তিন ইস্যুতে দৃঢ় অবস্থান নেওয়ায় পোপকে অভিনন্দন জানান প্রেসিডেন্ট এরদোগানও। তিনি বলেন, “ফিলিস্তিনের ন্যায্য অধিকারের পক্ষে পোপের অবস্থান অত্যন্ত প্রশংসনীয়। আমরা তার বক্তব্যকে গভীরভাবে মূল্যায়ন করি।”

চার দিনের তুরস্ক সফর শেষে রোববার পোপ লেবাননের রাজধানী বৈরুতে পৌঁছালে তাকে দেওয়া হয় রাষ্ট্রীয় এবং গণঅভ্যর্থনা। ঋম বৃষ্টির মধ্যেও লেবানিজরা বাদ্যের তালে নেচে, ফুলের পাণ্ডি ছিটিয়ে অভিনব সাজে স্বাগত জানান এই ধর্মীয় নেতাকে।